সবুজ আহম্মদ মুরসালিন

# ভুলী নেই ভালোবাসা




শেষ কথাটাও বলার সুযোগ দাওনি
কেড়ে নিলে ভাষা
যতটুকু ছিলো অধিকার
বিশ্বাস বাকি ছিলো যা
তা সব কেড়ে নিলে চোখের পলকেই!

যেনো, একটা কাক উড়ে এসে
চড়ুই পাখির শেষ আহার
কেড়ে নিয়ে সে উড়ে গেলো
আর চড়ুই উড়ে যাওয়া কাকের দিকে
শূন্য চোখে তাকিয়ে দেখলো হারানোর বেদনা!

তুমি শেষ কথাটাও বলার সুযোগ দাওনি
শোনোনি চড়ুই পাখির আর্তচিৎকার
দেখনি তার চোখ ভরা বিষাদের ছাপ।

হয়তো কারো হৃদয় ভাঙা
তোমার কাছে বড় কোনো বিষয় নয়!

— সবুজ আহম্মদ মুরসালিন

# ভালো নেই ভালোবাসা

সবুজ আহম্মদ মুরসালিন

পুনশ্চ

## উৎসর্গ

তোমার সামান্য ভুলে
শুধু তুমি নও
আরেকটা মানুষও
ভাঙা কাচের মতো ভেঙে গেছে!

# সূচিপত্র

মায়া ০৯
না হওয়া সংসার ১০
ভালো নেই ভালোবাসা ১১
ভালো থাক ভালোবাসা ১২
বোকা পাখি — ৩ ১৩
প্রার্থনা ১৪
মায়ের দোয়া ১৫
বাবা'কে ১৬
মা ১৭
শেষ বয়সে আমাকে ভালোবেসো ১৮
তোমার জন্য ১৯
বর্ষার দিনগুলো ২০
মৃতদেহ ২১
তোমার মনে হয় ২২
ভালো থেকো ২৩
দেখা হবে না ২৪
স্পর্শ ২৫
তুমি বললে ২৬
তোমাকে ভোলা হয়নি ২৭
বন্যা ২৮
বন্যায় ভেসে যাওয়া স্মৃতি ২৯

পাখি উড়ে গেছে ৩০
ভুলে যেয়ো ৩১
কবিতার জন্ম ৩২
হারিয়ে গেছে ৩৪
তোমারও কি এমন লাগে? ৩৫
মেঘমুখ ৩৬
সইতে পারবে না ৩৮
ভালোবাসি বললেই ৩৯
আমি তোমাকে ভালোবাসি ৪০
তোমার ভালোবাসায় ৪১
মানুষ যাকে চায় ৪২
ভালোবাসা ৪৩
তুমি আমার মায়া ৪৪
আমি না থাকলেও ৪৫
কাছাকাছি থেকো ৪৬
সমাপ্তি ৪৭
নিজের জন্য মায়া হয় ৪৮
বিষাদের পাঠশালা ৪৯
আলাপচারিতা ৫০
তুমি এসো না ৫১
সে কইতে পারে না ২ ৫২
ভুল অনুভূতি ৫৩
তুমি চাইলেই — ২ ৫৪
সময়ের ব্যবধান ৫৫
আপনাকে তুমিতে দেখবো ৫৬
ভুল জীবন ৫৭
তুমি আবার এসো ৫৮
আমাকে আগলে রেখো ৫৯
আমি একা ৬০
অলিক সুখ ৬১
আমাকে ভালোবাসো না ৬২
ইতি তোমার প্রেমিক ৬৩
আমার কোনো ঘর নেই ৬৪
সে আমাকে ভালোবাসে না ৬৫
প্রিয় বৃষ্টি ৬৬
দেখা শেষে ৬৭
বড় কোনো বিষয় নয় ৬৮
পাতা নাকি ফুল ৬৯
পাওয়া হবে না ৭০
আজ তোমার বিয়ে ৭১
মেঘ ও বৃষ্টি ৭২
এটাই ভালোবাসা ২ ৭৩
প্রথম ভালোবাসা ৭৪
বিপ্লবের ডাক ৭৫
আসছে দিন ৭৬
দেখা হবে কবিতায় ৭৭
চিঠি ৭৮
তুমি না চাইলেও ৭৯
চাইলেই ৮০

## মায়া

উড়ে যাওয়া একটি পাখিকে
ডেকে জিজ্ঞেস করলাম;
তোর মতো আমি কেন উড়তে পারি না?
সে উত্তরে আমাকে বলল—
'যারা মায়া কাটাতে পারে না
তারা কখনো উড়তে পারে না!"

## না হওয়া সংসার

— আমি কে, কাব্য?
— তুমি ফুল। শিউলি ফুল।
— শিউলি কেন?
— শিউলি রাতে ফোটে, ভোরেই ঝরে যায়!

— তুমি কে, কাব্য?
— আমি গাছ। শিউলি গাছ।
— গাছ কেন?
— গাছ কখনো ফুলকে পায় না।
সে ধারণ করে, আগলে রাখে
আর ফুল ঝরে গেলে সে অন্য কারো।

— আমরা কে, কাব্য?
— সংসার!
— সংসার?
— হুম। না হওয়া সংসার
দুইজন দুইজনের হয়েও, কেউ কারো নই!

## ভালো নেই ভালোবাসা

তোমাকে লিখতে বসলে
লিখে ফেলি আরব ইতিহাস
নেপোলিয়নের আত্মজীবনী
হিটলারের অত্যাচারের বর্ণনা।

তোমাকে লিখতে বসলে
লিখে ফেলি মহাকাব্য
জোছনার নিঃসঙ্গতা
সমুদ্রের দুঃখের কথা।

অথচ—
আমার লেখা উচিত ছিলো
বৃষ্টি এলে তোমাকে মনে পড়ে
কোথাও প্রেম দেখলে
তোমাকে ভালোবাসার কথা মনে পড়ে।

কিন্তু—
তোমাকে লিখতে বসলে
লিখে ফেলি প্রেম ভালো নেই
ভালো নেই ভালোবাসা !

## ভালো থাক ভালোবাসা

যে হৃদয়ে তুমি নেই
সেখানে হাত পেতো না।
চোখের জল ফেলো না।
বলো না— তোমাকে ভালোবাসতে!

ভালোবাসা ভিক্ষার জিনিস নয়!

তারচেয়ে তুমি বরং
খোদার কাছে হাত পাতো
কাঁদো, দু'হাত তুলে চাও —
"ভালো থাক ভালোবাসা!"